উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১ অক্টোবর ২০২২ খ্রিঃ, বেলা- ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) ১ম কিস্তির ১৮,৫৬,০০০.০০ (আটার লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে ০৪ কিস্তি হিসেবে মোট ৭৪,২৪,০০০.০০ (চুয়াত্তর লক্ষ চব্বিশ হাজার) টাকার প্রকল্প গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দ্রুত প্রকল্প বাছাই কমিটির সভা করে প্রকল্প চুড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | জরুরিভিত্তিতে প্রকল্প তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে পুনঃ অনুরোধ করা হয়। প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করার জন্য উপজেলা প্রকৌশলীকে পুনঃ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর ও কাবিখার বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। প্রকল্প তালিকা পাওয়ার পর প্রকল্প বাছাই কমিটির সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, প্রতিটি কৃষক তার বাড়ির আঙ্গিনায় বিভিন্ন প্রকার সবজি চাষ করতে পারেন। এতে নিজেদের চাহিদা পুরণ হবে পাশাপাশি কিছু আর্থিক লাভবান হবে। তিনি বলেন এ উপজেলায় পর্যাপ্ত সারের মজুত আছে। সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করা হবে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, হাসপাতালের বর্জ্য অপসারণ, হাসপাতালের আশপাশ পরিস্কার পরিছন্ন ও মশক নিধন কার্যক্রম গ্রহণ করার জন্য মোহনগঞ্জ পৌরকর্তৃপক্ষকে অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে মর্মেও তিনি জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মোহনগঞ্জ পৌরসভা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয় । | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান, গত ১৭ অক্টোবর ২০২২ জেলা পরিষদ নির্বাচনে সুষ্ঠুভাবে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করতে পারায় নির্বাচন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে বলে তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র মৎস্য কর্মকর্তা মোহনগঞ্জ। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অবহিত করেন যে, সেপ্টেম্বর/২০২২ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩১৮৮২ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৮৮৩ জন, মোট সিএআর ৭৭.৯৫%, পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০জন, ইমপ্ল্যানন ৬৭জন, আইইউডি ১৩ জন। তিনি বলেন, উঠান বৈঠকের মাধ্যমে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম দ্রুত করার জন্য সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৬ নভেম্বর থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে সকলকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে সার্বক্ষনিক গবাদি পশু চলাচল করে এবং বিভিন্ন বহিরাগত লোকজন যত্রতত্র আনাগোনা করে। উপজেলা পরিষদের নিরাপত্তা ও পরিস্কার পছিন্নতার স্বার্থে উপজেলা পরিষদ চত্বরে গবাগি পশু চড়ানো ও বহিরাগতদের আনাগোনা বন্ধ করা ও উপজেলা পরিষদে পর্যাপ্ত লাইটিং ব্যবস্থা চালু করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | উপজেলা পরিষদ চত্বরে গবাদি পশু চলাচল ও বহিরাগতদের আনাগোনা বন্ধ করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়।<br>সহকারী কমিশনার(ভূমি) আহবায়ক<br>উপঃ পল্লী উন্নয়ন কর্মকর্তা সদস্য<br>চেয়ারম্যান, গাগলাজুর ইউপি সদস্য<br>এবং উপজেলা পরিষদে প্রয়োজনীয় লাইটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মোহনগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়। | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা ও সংশ্লিষ্ট কমিটি। |
| ১০ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ০৪ জন ডিলারের মাধ্যমে ওএমএস এর কার্যক্রম চালু হয়েছে। প্রতিজন ডিলার প্রতিদিন ২ মেঃ টন চাল বিক্রয় করবে। টিসিবির কার্ডধারীগণ প্রতি ১৫ দিন পর পর ন্যায্য মূল্যে ৫ কেজি করে চাল ক্রয় করতে পারবে। সকলকে বিষয়টি তদারকি করে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১২ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বর্তমান অর্থ বছরে অসহায় পঙ্গু লোকজনকে ০৩টি হুইল চেয়ার প্রদান করা হয়। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৩ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন গ্রাহকের নিকট অনেক টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। হাসপাতাল কমপ্লেক্স ও উপজেলা পরিষদসহ উপজেলার সকল গ্রাহকের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | | |
| ১৪ | যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, আগামী ০১ নভেম্বর ২০২২ জাতীয় যুব দিবস। দিবসটি সুষ্ঠুভাবে পালনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিবসের সকল কর্মসূচিতে সকলকে উপস্থিত থাকার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ |
| ১৫ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, আগামী ০৫ নভেম্বর ২০২২ শনিবার জাতীয় সমবায় দিবস। দিবসটি সুষ্ঠুভাবে পালনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিবসের সকল কর্মসূচিতে সকলকে উপস্থিত থাকার অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ। |
| ১৬ | মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, ভিজিডি কর্মসূচির নতুন করে সুবিধাভোগী নির্বাচন করা হবে। সকলকে নীতিমালা মোতাবেক অনলাইনে আবেদন করার জন অনুরোধ করেন। তিনি আরো বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৭ | জাইকা প্রকল্প | সভায় ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি, মোহনগঞ্জ বলেন, প্রত্যেক অফিস প্রধানকে অফিসের সকল কার্যক্রমের তথ্য, বিভিন্ন উন্নয়ন কার্যক্রম, সভার নোটিশ ও সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। এছাড়া প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মেও তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইউডিএফ, ইউজিডিপি, এলজিডিকে অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, ইউজিডিপি,এলজিডি মোহনগঞ্জ, |
| ১৮ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৯ | সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, তিনি বলেন, সমাজ-সহিলদেও ইউনিয়নে জসীম বাজার নামে একটি বাজার আছে। বাজারটি বাৎসরিক ৫/৬ লক্ষ টাকা ইজারা হতো। ৪/৫ বৎসর পূর্বে জসীম নামে এক ব্যক্তি নিম্নআদালতের এক রায়ের ফলে বাজারটি তার দখলে নিয়ে যায়। সরকার ইজারা দেয়া বন্ধ করে দেয়। পরবর্তীতে উচ্চ আদালতে আপীল করা হলে গত ২/৩ বৎসর পূর্বে সরকার পক্ষে রায় হয়। কিন্তু সরকার আদৌ বাজারটি দখলে নিতে পারে নাই বা ইজারা দিতে পারে নাই। ফলে জসীমগং অবৈধ দখল করে টোল আদায় করছে। উক্ত জসীম বাজারে গরুর হাট বসার ফলে পাশের রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। রাস্তার স্বার্থে গরুর হাট সরানো প্রয়োজন এবং বাজারটি সরকারি নিয়ন্ত্রনে নেয়া জরুরি। বাজারটি সরকারি নিয়ন্ত্রণে নেয়া সম্ভব না হলে বা সরকারি রাজস্ব আয় না হলে, উক্ত বাজারে আগত গরু ছাগল দিয়ে বাজারের রাস্তার ক্ষতি করা আদৌ ঠিক নয়। এ বিষয়ে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও চেয়ারম্যান, ৫নং সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | সহকারী কমিশনার(ভূমি), অফিসার ইনচার্জ, মোহনগঞ্জ থানা ও চেয়ারম্যান, ৫নং সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

CamScanner

খ) সভায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির প্রতি দুই মাসে একটি করে সভা করার বিধান রয়েছে। তিনি বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

গ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদে ঝাড়ুদার জনাব মোঃ সুজন মিয়ার বিরুদ্ধে মাদক মামলা হলে ০২.১০.২০১৯ থেকে ৩০.১০.২০১৯ তারিখ পর্যন্ত জেল হাজতে থাকে এবং ০৭.১১.২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করেন। কিন্তু মামলা নিস্পত্তি না হওয়ায় তাকে মজুরি প্রদান করা হয় নাই। বর্তমানে মামলা নিস্পত্তি হওয়ায় নিস্পত্তির তথ্যাদিসহ ০৭.১১.২০১৯ থেকে আগস্ট ২০২২ পর্যন্ত বকেয়া মজুরি পাওয়ার জন্য আবেদন করেন। ০৭.১১.২০১৯ থেকে আগস্ট ২০২২ পর্যন্ত বকেয়া মজুরি পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ ০২.১০.২০১৯ থেকে ০৬.১১.২০১৯ পর্যন্ত জেল হাজত/কর্মস্থলে অনুপস্থিত দিনগুলির মজুরি প্রদান না করা এবং ০৭.১১.২০১৯ থেকে আগস্ট ২০২২ পর্যন্ত কর্মকালীন সময়ে স্থগিতকৃত বকেয়া মজুরি বাবদ ৬৯০ দিনে দৈনিক ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে মোট ৩,৪৫,০০০.০০ (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

ঘ) ।) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাগুলি জরুরি মেরামত করা প্রয়োজন। রাস্তাগুলি ভেঙ্গে ক্ষতিগ্রস্থ হওয়ায় সর্বদাই রাস্তায় পানি জমে কর্দমাক্ত হয়ে থাকে ফলে কর্মকর্তা-কর্মচারীসহ সাধারণ জনগণের চলাচলে বিভিন্ন সমস্যা হয়। ইতিমধ্যে অনেক উর্দ্ধতন কর্মকর্তাগণ এ উপজেলা পরিষদ পরিদর্শনে এসে উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তার বেহাল অবস্থা দেখে অসন্তোষ প্রকাশ করেন। তিনি আরো বলেন, উপজেলার পরিষদের অভ্যন্তরে রোড লাইট না থাকায় রাতের বেলা চলাচলে অসুবিধা হয় এবং রাস্তায় আলো না থাকায় অন্ধকারে কিছু বখাটে লোকজন মাদক সেবন করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাগুলি দ্রুত মেরামত করার জন্য পরিষদের অভ্যন্তরে রোড লাইট দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মোহনগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়।

।।) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলা পরিষদ অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমটি বিগত ২ নভেম্বর ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিত্তি প্রস্তর স্থাপন করেন। ইতিমধ্যে অডিটরিয়ামটির সম্পূর্ণ কাজ সমাপ্ত হয়েছে। উপজেলা প্রকৌশলী অডিটরিয়ামটির আসবাবপত্রসহ বিভিন্ন মালামাল ব্যবহার উপযোগী অবস্থায় বুঝে নিয়েছেন। নবনির্মিত উপজেলা পরিষদ অডিটরিয়ামটি ব্যবহারের লক্ষ্যে উদ্বোধন করা আবশ্যক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ যেহেতু মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনা এই অডিটরিয়ামটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন সেহেতু মোহনগঞ্জ বাসীর প্রত্যাশা তিনিই উপজেলা পরিষদ অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হলটি শুভ উদ্বোধন করবেন । এ বিষয়ে প্রয়োজনীয় পত্র যোগাযোগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

ঙ) সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ৩০.১০.২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২২ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট// ২০২২ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট/ /২০২২ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার আগস্ট//২০২২ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী প্রদান। | ১১০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের সেপ্টেম্বর/২০২২ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয়। | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির সেপ্টেম্বর/২০২২ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় । | ৮,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের জীপগাড়ির জুলাই- সেপ্টেম্বর পর্যন্ত ০৩ মাসের জ্বালানি বাবদ ব্যয়। | ৬৯,৬১৯/- |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৯৬৮(৪০)
তারিখঃ ৩১ অক্টোবর- ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..........................................................................অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,..........................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)"পরিশিষ্ট ক"**

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যগণ | ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যগণ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | ২১ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা এর প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রাজ্জাক, প্যানেল মেয়র। | ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিসার, ঐ |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | ২৫ | উপজেলা নির্বাচন অফিসার, ঐ |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ | ২৬ | উপজেলা সমবায় অফিসার, ঐ |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ | ২৭ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, ঐ |
| ০৬ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঐ | | **সভায় অনুপস্থিত সদস্যগণ** |
| ০৭ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, ঐ | ০১ | উপজেলা শিক্ষা অফিসার, ঐ |
| ০৮ | উপজেলা কৃষি অফিসার, ঐ | ০২ | উপজেলা সমাজসেবা অফিসার, ঐ |
| ০৯ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঐ | ০৩ | উপঃ সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) ঐ |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ঐ | ০৪ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, ঐ |
| ১১ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ঐ | ০৫ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউপি, ঐ |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঐ | ০৬ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি, ঐ |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঐ | ০৭ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি, ঐ |
| ১৪ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ঐ | ০৮ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপি, মোহনগঞ্জ, ঐ |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ঐ | ০৯ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঐ | ১০ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, ঐ |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঐ | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ঐ | | |
| ১৯ | ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, ঐ | | |
| ২০ | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ঐ | | |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঐ | | |

CamScanner